# AKASHVANI(AIR)
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 20-06 2026** **Time: 1.30 pM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) পশ্চিমবঙ্গ দিবস এবং আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠানে যোগ দিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ এরাজ্যে আসছেন। তিনি বেশ কয়েকটি রেল এবং অন্যান্য সামাজিক সুরক্ষা প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন।

২) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে রাজ্যজুড়ে আজ পশ্চিমবঙ্গ দিবস পালিত হচ্ছে। রাষ্ট্রপতি, উপ-রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী এই উপলক্ষে রাজ্যবাসীকে অভিনন্দন জানিয়েছেন।

৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূর জন্মদিন উপলক্ষে ওড়িশার ময়ুরভঞ্জে এক অনুষ্ঠানে যোগ দিতে প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতি সেখানে পৌঁছেছেন।

৪) ব্রিকস গোষ্ঠী জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের দুদিনের এক বৈঠক আগামী সোমবার থেকে নতুন দিল্লীতে শুরু হবে।

৫) ফিফা বিশ্বকাপ ফুটবলে আজ নেদারল্যান্ড, সুইডেনের এবং জার্মানি আইভরি কোস্টের মুখোমুখি হবে।

ব্রাজিল হাইতিকে ৩-০ গোলে হারিয়ে দিয়েছে। মেক্সিকো, দক্ষিণ কোরিয়াকে ১-০ গোলে হারিয়ে বিশ্বকাপে দ্বিতীয় পর্বে খেলার যোগ্যতা অর্জন করেছে।

---

নতুন সরকার গঠনের পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই প্রথম আজ রাজ্যে আসছেন। দুদিনের সফরে হুগলির তারকেশ্বরে পশ্চিমবঙ্গ দিবসের অনুষ্ঠানে যোগদানের পাশাপাশি কলকাতার রেড রোডে আন্তর্জাতিক যোগ দিবসের মূল অনুষ্ঠানে অংশ নেবেন তিনি। পাশাপাশি প্রধানমন্ত্রী কৃষি, রেল, মৎস্য, পশুপালন ও প্রতিরক্ষা ক্ষেত্রে একাধিক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। ওড়িশা থেকে হেলিকপ্টারে বিকেলে তারকেশ্বর পৌঁছবেন তিনি।

তারকেশ্বরের অনুষ্ঠান শেষে প্রধানমন্ত্রী কলকাতায় লোকভবনে রাত্রিবাস করবেন । রেড রোডে আগামীকাল সকালে দ্বাদশ আন্তর্জাতিক যোগ দিবসের জাতীয় অনুষ্ঠানে নেতৃত্ব দেবেন শ্রী মোদী। এবছর দিনটি পালনের মূল ভাবনা 'ইয়োগা ফর হেলদি এজিং' বা যোগাভ্যাসের মাধ্যমে সুস্থভাবে বার্ধক্যের পথে এগিয়ে চলা।

এরপর প্রধানমন্ত্রী শ্যামাপ্রসাদ মুখার্জী বন্দরে ভারতীয় নৌসেনার স্বদেশে নির্মিত তিনটি যুদ্ধ জাহাজ— আইএনএস দুনাগিরি, আইএনএস সংশোধক এবং আইএনএস অগ্রয়— দেশের উদ্দেশে উৎসর্গ করবেন। কলকাতার গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্সে তৈরি এই যুদ্ধ জাহাজগুলির ৭৫ শতাংশের বেশি উপাদান দেশীয় এবং নির্মাণে ২০০-রও বেশি ক্ষুদ্র ও মাঝারি শিল্প সংস্থা যুক্ত ছিল। অনুষ্ঠান শেষে ওই দিন সকালেই শ্রী মোদী দিল্লি ফিরে যাবেন।

এদিকে, আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে গৃহীত কর্মসূচীর অঙ্গ হিসেবে আজ গঙ্গেবক্ষে বন্দেযোগম সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে।

--------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল কলকাতায় দেশজ প্রযুক্তিতে নির্মিত তিনটি যুদ্ধ জাহাজ আইএনএস দুনাগিরি, আইএনএস সংশোধক এবং আইএনএস অ্যাগ্রে-কে

ভারতীয় নৌসেনার কাজে সামিল করবেন। গার্ডেনরিচ শিপ বিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স এবং নৌবাহিনীর যুদ্ধ জাহাজ নির্মাণ দপ্তর এগুলি তৈরি করেছে। সাবমেরিন বিরোধী যুদ্ধ এবং জলের নীচে সমীক্ষা চালানোর ক্ষেত্রে এই জাহাজগুলি বিশেষ কাজে আসবে।

--------------------

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে রাজ্যজুড়ে আজ পশ্চিমবঙ্গ দিবস পালিত হচ্ছে। দিনটি উপলক্ষে সরকারী ও বেসরকারী উদ্যোগেসাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনাসভা ইত্যাদির আয়োজন করা হচ্ছে। ক্ষমতায় আসার পরই মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বে নব গঠিত রাজ্য সরকার বিশে জুনকে পশ্চিমবঙ্গের প্রতিষ্ঠা দিবস হিসেবে পালনের সিদ্ধান্ত নেয়। এই উপলক্ষে হুগলীর তারকেশ্বরে এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অংশ নেবেন।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ এই উপলক্ষে রাজ্যবাসীকে উষ্ম অভিনন্দন জানিয়েছেন। এক বার্তায় রাষ্ট্রপতি বলেছেন, এই দিনটি রাজ্যের ইতিহাসে অত্যন্ত তাৎপর্যপূর্ণ হয়ে আছে। পশ্চিমবঙ্গ  অখন্ড ভারতের অংশ হিসেবে এই দিন আত্মপ্রকাশ করে।

উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণাণও এই উপলক্ষে রাজ্যবাসীকে অভিনন্দন জানিয়েছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পশ্চিমবঙ্গ দিবস উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়ে বলেছেন, পশ্চিমবঙ্গের ইতিহাসে এই দিনটির বিশেষ গুরুত্ব রয়েছে। এপ্রসঙ্গে শ্যামাপ্রসাদ মুখার্জীর অনন্য ভূমিকার কথাও তুলে ধরেন তিনি।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ও এই উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়ে বলেছেন, জাতি গঠনের কাজে পশ্চিমবঙ্গ এক ঐতিহাসিক ভূমিকা পালন করেছে। তিনি

বলেন, এই রাজ্যের ভক্তি আন্দোলন থেকে স্বাধীনতার লড়াই এবং বাংলার নব জাগরণের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের বহু বিশিষ্ট মণিষীর অবদান রয়েছে।

এদিকে, উত্তর দিনাজপুরের ইসলামপুরে পশ্চিমবঙ্গ দিবস উপলক্ষে এক রক্তদান শিবির ও নেশামুক্ত ভারত গড়ার লক্ষে গণ স্বাক্ষর অভিযান অনুষ্ঠানের আয়োজন করা হয়। বহু মানুষ এতে সামিল হন।

মহকুমা প্রশাসনের উদ্যোগে এই উপলক্ষে সারাদিন ব্যাপী বিভিন্ন ধরনের সমাজ সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

--------------------

রাজ্যপাল রবীন্দ্র নারায়ন রবি বলেছেন, বর্তমানে দেশ বিকশিত ভারত হয়ে ওঠার পথে এগিয়ে চলেছে। ভারতের এই রূপান্তরে পশ্চিমবঙ্গের ভূমিকা গুরুত্বপূর্ন। বাংলার মানুষের দক্ষতা, জ্ঞান, অভিজ্ঞতা, সৃজনশীলতা, নতুন কিছু করার উদ্যম এই পথে সহায়ক হয়ে উঠবে বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন তিনি। যুব সমাজ, কৃষক, শিক্ষক, গবেষক তথা আপামর রাজ্যবাসীকে বিকশিত বাংলা গড়ে তোলার জন্য এগিয়ে আসার আহ্বান জানান তিনি।

(বাইট-রাজ্যপাল)

এক ভিডিও বার্তায় ঐতিহাসিক দৃষ্টিকোণ থেকে পশ্চিমবঙ্গ দিবসের তাৎপর্য ব্যাখ্যা করেছেন রাজ্যপাল। ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জির অবদানকে কুর্নিশ জানিয়েছেন তিনি।

--------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ তাঁর ৬৮তম জন্মদিন উপলক্ষে ওডিশার পাহাড়পুর গ্রামে পৌঁছান। তাঁকে স্বাগত জানান ওডিশার রাজ্যপালহাড়ি বাবু কাম্ভামপতি এবং মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝি ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও রাষ্ট্রপতির গ্রাম পাহাড়পুরে পৌঁছলে তাঁকে রাজ্যপাল ও মুখ্যমন্ত্রী স্বাগত জানান। উভয় নেতা পবিত্র সাঁওতালি জাহেরা ও হো জাহেরা উপাসনাস্থলে প্রার্থনা করেন। পরে তাঁরা রায়রাংপুরে ওড়িশা সরকারের দুই বছর পূর্তি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে যোগ দেবেন। এই অনুষ্ঠান থেকে ৪৭ হাজার কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করা হবে ।এই উপলক্ষে এক জনসভায় রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী ভাষণ দেবেন।

--------------------

স্নাতক স্তরে ডাক্তারীর প্রবেশিকা পরীক্ষা NEET-UG পরীক্ষা আবারও নেবার আগে, এর প্রস্তুতির অঙ্গ হিসেবে, ন্যাশনাল টেস্টিং এজেন্সি NTA আজ দেশজুড়ে একটি মক ড্রিল বা পরীক্ষামূলক মহড়া পরিচালনা করবে। সংস্থাটি জানিয়েছে যে, তারা আগামীকালকের জন্য সম্পূর্ণ প্রস্তুত। দেশের ৫৫১টি শহর এবং বিদেশের ১৪টি শহরে প্রায় ২৩ লক্ষ পরীক্ষার্থীর জন্য এই পরীক্ষাটি আয়োজন করা হচ্ছে। সুষ্ঠু ও স্বচ্ছ পরীক্ষা নিশ্চিত করতে NTA একটি বহু-স্তরের নিরাপত্তা ব্যবস্থা গড়ে তুলেছে। এর মধ্যে রয়েছে CCTV নজরদারি, আধার-ভিত্তিক বায়োমেট্রিক যাচাই করা, পরীক্ষার সামগ্রী পরিবহনের জন্য পুলিশি প্রহরাসহ GPS-যুক্ত যানবাহন চালান এবং নির্দিষ্ট গন্তব্যে গোপন নথি বা সামগ্রীর সম্পূর্ণ সুরক্ষিত ব্যবস্থাপনা। সংস্থাটি আরও জানিয়েছে , ভুল তথ্য ছড়ানো আটকাতে এবং যেকোনো ধরনের অনিয়ম বা অসদুপায় প্রতিরোধ করতে সামাজিক মাধ্যমগুলিতেও সক্রিয় নজরদারি চালানো হচ্ছে।

--------------------

এদিকে, নীট ইউজি পরীক্ষার্থীদের সহায়তায় রাজ্য ও জেলাস্তরে হেল্পলাইন নম্বর চালু হয়েছে। রাজ্যস্তরে কন্ট্রোল রুমের নম্বর হল ০৩৩-২২১৪-৩৫২৬ এবং ৮৬৯৭৯-৮১০৭০ । এছাড়াও ১০৭০ টোল ফ্রি নম্বরেও যোগাযোগ করা যাবে। উত্তর ও দক্ষিনবঙ্গ

মিলিয়ে ১৭-টি জেলায় হেল্প লাইন আজ বেলা ১২ টা থেকে সোমবার সকাল ৬-টা পর্যন্ত চালু থাকবে ।

--------------------

যোগ দিবস উপলক্ষে আজ শুনবেন বিশেষ আলোচনা আন্তর্জাতিক যোগ দিবস। এতে অংশ নিয়েছেন রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট এর সংস্কৃত ও দর্শন বিভাগের বিভাগীয় প্রধান রাকেশ দাস ও স্বামী বিবেকানন্দ যোগ অনুসন্ধান সংস্থার অধিকর্তা ডক্টর অভিজিৎ ঘোষ। সঞ্চালনায় কল্যাণ লাহা।

সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন গীতাঞ্জলি, DTH বাংলা ও সংবাদ বিভাগের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে রাত ৮ টায়।

--------------------

ব্রিকস গোষ্ঠী জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের দুদিনের এক বৈঠক আগামী সোমবার থেকে নতুন দিল্লীতে শুরু হবে। ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল এই বৈঠকে পৌরিহিত্য করবেন। এই বৈঠকে সংশ্লিষ্ট দেশগুলির জাতীয় নিরাপত্তা উপদেষ্টা এবং প্রতিনিধি দলের প্রধানরা বর্তমান বিশ্বের সামনে অচিরাচরিত নিরাপত্তার চ্যালেঞ্জ বিষয়ে মত বিনিময় করবেন। বিদেশ মন্ত্রক সূত্রে জানানো হয়েছে, এছাড়াও জাতীয় পর্যায়ে নিরাপত্তার চ্যালেঞ্জ এবং নিরাপত্তার ক্ষেত্রে নতুন প্রযুক্তির ভূমিকা নিয়েও আলোচনা হবে। সম্প্রতি অনুষ্ঠিত সন্ত্রাসবাদ বিরোধী এবং নিরাপত্তা সংক্রান্ত যৌথ কর্মীগোষ্ঠীর বৈঠকে সিদ্ধান্তগুলিও এখানে পর্যালোচনা করা হবে।

--------------------

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রশংসা করে তাঁকে এক শক্তিশালী এবং কার্যকর নেতা হিসেবে অবিহিত করেছেন। বিশ্বের অন্যতম

প্রভাবশালী ব্যক্তিত্ব হিসেবে মার্কিন প্রেসিডেন্ট চীনা রাষ্ট্রপতির সঙ্গে শ্রী মোদীর উল্লেখ করেছেন। মার্কিন যুক্তরাষ্ট্রের একটি নিউজ পোর্টালে এক সাক্ষাৎকারে ট্রাম্প বলেছেন, শ্রী মোদী, ভারতে স্থিতিশীলতা এনেছেন এবং ১২ বছরেরও বেশি সময় ধরে ক্ষমতায় রয়েছে। ভারত – মার্কিন সম্পর্ক প্রসঙ্গে ট্রাম্প বলেছেন, দু-দেশের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য বর্তমানে সমতার ভিত্তিতে পরিচালিত হচ্ছে এবং উভয় দেশ বাণিজ্যিক লেনদেনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অগ্রগতি ঘটিয়ে চলেছে। তিনি শ্রী মোদীকে আন্তর্জাতিক মহলে অন্যতম শ্রদ্ধেয় ব্যক্তিত্ব বলে বর্ণনা করেছেন।

--------------------

সুদান ফেরত কেরালামের কোট্টায়ামে এক মহিলার শরীরে ইবোলা সংক্রমণ বিষয়ে পরীক্ষার রিপোর্ট নেগেটিভ এসেছে। তাঁকে স্থানীয় সরকারী হাসপাতালে ভর্তি রাখা হয়েছিল। পুনের ন্যাশনাল ইনস্টিটিউট অফ ভাইরোলজিতে তাঁর রক্তের পরীক্ষায় কোন সংক্রমণ ধরা পড়েনি। এরপরই তাঁকে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়েছে। এবং বাড়িতে পৃথকভাবে রাখার নির্দেশ দেওয়া হয়েছে। তিনি সম্প্রতি দক্ষিণ সুদান থেকে ভারতে আসেন।

--------------------

বিদেশমন্ত্রী ড. এস. জয়শঙ্কর বলেছেন যে, অস্থির এই পৃথিবীতে নিজেদের জাতীয় স্বার্থ, কৌশলগত স্বায়ত্তশাসন ও বহুমুখী বিশ্বব্যবস্থার লক্ষ্য অর্জনের পাশাপাশি ভারতকে ভৌগোলিক সীমা অতিক্রম করে বিভিন্ন দেশের সঙ্গে সম্পর্ক সবথেকে ভালো অবস্থায় নিয়ে যেতে হবে। নতুনদিল্লিতে আয়োজিত ‘ইন্ডিয়া-ইউএস ফোরাম ২০২৬’-এ ভাষণ দেবার সময় ড. জয়শঙ্কর ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে অংশীদারিত্বের গভীরতা ও বিস্তৃতির কথা উল্লেখ করেন। দুটি দেশ পারস্পরিক বিভিন্ন সমস্যা ও

জটিলতার মধ্য দিয়ে চলার সময়ও এই সম্পর্ক বজায় আছে। তিনি আরও বলেন, ভারতের উত্থানের সঙ্গে সঙ্গে তার কাজের পরিধিও বিস্তৃত ও বৈচিত্র্যময় হয়ে উঠবে।

--------------------

কেন্দ্রীয় সংস্কৃতি সচিব বিবেক আগরওয়াল 'ফিন্যান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স' (FATF)-এর ভাইস প্রেসিডেন্ট নির্বাচিত হওয়াকে ভারতের জন্য একটি বড় সাফল্য হিসেবে অভিহিত করেছে বিদেশ মন্ত্রক। সামাজিক মাধ্যমে এক বার্তায় মন্ত্রক জানিয়েছে, সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারত যে আপোষহীন নীতি অনুসরণ করে, তার পরিপ্রেক্ষিতে এই নেতৃত্বের ভূমিকা বিশ্বজুড়ে সন্ত্রাসবাদী কাজে অর্থায়নের নেটওয়ার্ক মোকাবিলা এবং অবৈধ আর্থিক ব্যবস্থা নির্মূলে নতুনদিল্লির নিরলস উদ্যোগকে আরও জোরদার করবে।

--------------------

বিশ্বকাপ ফুটবলে আজ নেদারল্যান্ড সুইডেনের এবং জার্মানি আইভোরী কোস্টের মুখোমুখি হবে।

আজই ব্রাজিল হাইতিকে ৩-০ গোলে হারিয়ে দিয়েছে। দলের হয়ে ম্যাথিউস কুনহা দুটি এবং ভিনিসিয়াস জুনিয়া ১-টি গোলে করেন।

অন্য ম্যাচে প্যারাগুয়ে তুরস্ককে ১-০ গোলে হারিয়ে দিয়েছে। গতরাতে মরক্কো স্কটল্যান্ডকে ১-০ গোলে এবং মার্কিনযুক্তরাষ্ট্র অস্ট্রেলিয়াকে ২-০ গোলে হারিয়ে দিয়েছে।

অন্য আর একটি ম্যাচে মেক্সিকো দক্ষিণ কোরিয়াকে ১-০ গোলে হারিয়ে প্রতিযোগিতার দ্বিতীয় পর্বে খেলার যোগ্যতা অর্জন করেছেন।

--------------------

ভারত ও আফগানিস্তানের মধ্যে ক্রিকেটে তৃতীয় তথা শেষ একদিনের ম্যাচটি আজ চেন্নাইয়ে এম এ চিদাম্বরম স্টেডিয়ামে হবে। আফগানিস্তান টসে জিতে ব্যাট করার সিদ্ধান্ত নিয়েছে। ভারত ইতোমধ্যেই ২-০-এ এগিয়ে রয়েছে।

-------------------- --------------------